গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।

নং-১২.০৩.৩০২৬.০৭১.৫৭.০০৪.১৭-৬৪৫ তারিখঃ ০৭ -০৪-২০২৬ খ্রিঃ।

## অফিস আদেশ

কৃষক সেবা কার্যক্রমের আওতায় অত্র ইনস্টিটিউটের ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'যমুনা', 'রূপসা', 'তিতাস', 'তিস্তা', 'কর্ণফুলী', 'করতোয়া', 'কীর্তণখোলা', 'সুরমা', 'মধুমতি' এবং 'ব্রহ্মপুত্র' আগামী ৩০-০৪-২০২৬ খ্রিঃ থেকে ০৪-০৬-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত খরিফ-২০২৬ মৌসুমে কর্মসূচী অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলায় গমন করে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণপূর্বক ফসলের সার সুপারিশ কার্ড প্রণয়ন করবে।

ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'যমুনা', 'রূপসা', 'তিস্তা', 'কীর্তণখোলা', 'কর্ণফুলী' 'সুরমা', 'মধুমতি', 'করতোয়া', 'ব্রহ্মপুত্র' ও 'তিতাস' এর দলনেতা যথাক্রমে বিভাগীয় গবেষণাগার/ আঞ্চলিক গবেষণাগার ঢাকা, খুলনা, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, ফরিদপুর, বগুড়া, জামালপুর ও কুমিল্লা এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তার নিকট থেকে সংশ্লিষ্ট ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগারের যন্ত্রপাতি ও আনুষংগিক দ্রব্যাদি বুঝে নিয়ে দলের সকল সদস্যসহ আগামী ৩০-০৪-২০২৬ খ্রিঃ তারিখে নির্ধারিত উপজেলা হতে কর্মসূচী শুরু করবেন।

বিশেষভাবে উল্লেখ্য যে, কর্মসূচী মোতাবেক প্রতিটি উপজেলার শেষ দিনে একটি সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে উপস্থিত কৃষকদের মধ্যে সার সুপারিশ কার্ড বিতরণ করে ঐ দিন অপরাহ্নেই পরবর্তী উপজেলায় পৌঁছাতে হবে। ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগারের প্রত্যেক দলনেতা নিজ দায়িত্বে তাঁর পরীক্ষা গবেষণাগার দ্বারা বিশ্লেষিত সবগুলো মৃত্তিকা নমুনার ফলাফলের ফটোকপি এসআরডিআই-এর সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানের নিকট বুঝিয়ে দিবেন এবং বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ উক্ত ফলাফলের কপি সমূহ তাঁর কার্যালয়ে সংরক্ষণ করবেন। বিশ্লেষণের মান নিয়ন্ত্রণের জন্য দলনেতাগণ ৫-১০% মৃত্তিকা নমুনা সংশ্লিষ্ট গবেষণাগারে জমা দিবেন।

কর্মসূচী সমাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যেই সংশ্লিষ্ট বিভাগীয়/ আঞ্চলিক গবেষণাগারের মুখ্য/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এমএসটিএল-এ বিশ্লেষিত নমুনার উর্বরতার মান (Fertility status), ও মান নিয়ন্ত্রনের (Quality control) প্রতিবেদন এবং ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগারের দলনেতার (Team Leader Report) **দাখিলকৃত প্রতিবেদনটি মন্তব্যসহ পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, এসআরডিআই, ঢাকা বরাবর প্রেরণ করবেন।**

কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয়/ আঞ্চলিক কার্যালয় ও বিভাগীয়/ আঞ্চলিক গবেষণাগারের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

BSultana
07/04/2026
(ড. বেগম সামিয়া সুলতানা)
মহাপরিচালক
ফোন-০২-৪১০২৫০৪১
ই-মেইলঃ dg@srdi.gov.bd

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং/ অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।

নং-১২.০৩.৩০২৬.০৭১.৫৭.০০৪.১৭-১৪৫ তারিখঃ০৭ - ০৪-২০২৬ খ্রিঃ।

২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় গবেষণাগার ঢাকা, বিভাগীয় গবেষণাগার খুলনা, বিভাগীয় গবেষণাগার রাজশাহী, বিভাগীয় গবেষণাগার বরিশাল, বিভাগীয় গবেষণাগার চট্টগ্রাম, , বিভাগীয় গবেষণাগার সিলেট, আঞ্চলিক গবেষণাগার ফরিদপুর, আঞ্চলিক গবেষণাগার বগুড়া, আঞ্চলিক গবেষণাগার জামালপুরও আঞ্চলিক গবেষণাগার কুমিল্লাকে যথাক্রমে আগামী ৩০-০৪-২০২৬ খ্রিঃ তারিখের পূর্বেই স্ব-স্ব এমএসটিএল, যন্ত্রপাতি ও আনুষাংগিক দ্রব্যাদি কার্যক্রম শুরুর উপযোগী করে প্রস্তুত রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহকে কর্মসূচীটি সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা জরিপ ও ভূমি ব্যবস্থাপনা শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।

৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআরডিআই, আঞ্চলিক কার্যালয়, ------------------------------------------। তাঁকে সংশ্লিষ্ট উপজেলায় এমএসটিএল গমনের ৩ (তিন) দিন পূর্বে কমপক্ষে ৫০ টি মৃত্তিকা নমুনা উপজেলা কৃষি কর্মকর্তার দপ্তরে সংরক্ষণের বিষয়টি নিশ্চিতকরণসহ এমএসটিএল-এ কর্মরত ৬ (ছয়) সদস্য বিশিষ্ট দলের আবাসন এবং সমাপনী অনুষ্ঠানে কৃষকের উপস্থিতির বিষয়টি সক্রিয় বিবেচনায় রাখার নির্দেশ দেয়া হলো।

৬। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ------------------------------ --------------------------।

৭। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।

৮। সংশ্লিষ্ট দলনেতা, যমুনা/ রূপসা/ তিস্তা/ কীর্তণখোলা/ কর্ণফুলী/ সুরমা/ ব্রহ্মপুত্র/ মধুমতি/ করতোয়া/ তিতাস কে মৃত্তিকা নমুনা বিশ্লেষণের ফলাফল এবং কৃষকের নাম ও ঠিকানা বিস্তারিতভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্দেশিকা অনুযায়ী নাইট্রোজেন, জিংক ও বোরন-এর সুপারিশ প্রদানের জন্য বলা হলো।

৯। সংশ্লিষ্ট কর্মকর্তা (দলনেতা/ সদস্য)/ কর্মচারী------------------------------------------------------------------ -----------------------।

১০। উপপরিচালক/ সহকারি পরিচালক/ হিসাব রক্ষণ কর্মকর্তা, এসআরডিআই, ঢাকা তাঁকে এমএসটিএল পরিচালনা ব্যয়সহ সংশ্লিষ্ট বিষয়ে পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, ঢাকা এর সাথে যোগাযোগ রাখার জন্য বলা হলো।

১১। উপসহকারী প্রকৌশলী (ইনস্ট্রুমেন্ট), এসআরডিআই, ঢাকা তাঁকে এমএসটিএল পরিচালনায় মোবাইল ভ্যানসমূহ মেরামত করার জন্য সংশ্লিষ্ট বিষয়ে পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, ঢাকা এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখার জন্য বলা হলো।

১২। স্টোর অফিসার, স্টোর শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।

১৩। নথি।

BSultana
07/04/2026

(ড. বেগম সামিয়া সুলতানা)
মহাপরিচালক
ফোন-০২-৪১০২৫০৪১
ই-মেইলঃ dg@srdi.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
www.srdi.gov.bd

## "মাটি পরীক্ষার মাধ্যমে সুষম সার ব্যবহার করুন, অধিক ফসল ঘরে তুলুন"

মাটির স্বাস্থ্য সংরক্ষণ ও ভাল ফলন পাওয়ার জন্য সুষমমাত্রায় সার ব্যবহার করা জরুরী। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট- এর ১০টি ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার (এমএসটিএল) খরিফ-২০২৬ মৌসুমের কর্মসূচী মোতাবেক আগামী ৩০-০৪-২০২৬ খ্রিঃ থেকে ০৪-০৬-২০২৬ খ্রিঃ পর্যন্ত দেশের ৬৪টি উপজেলায় মৃত্তিকা নমুনা পরীক্ষা করে সুষম সার সুপারিশ কার্ড প্রদান কার্যক্রম শুরু করতে যাচ্ছে। আগ্রহী কৃষাণ ও কৃষাণী ভাই বোনদেরকে নিম্ন বর্ণিত কর্মসূচী অনুযায়ী নির্ধারিত ফি ২৫.০০ টাকা প্রদান করে (প্রকৃত খরচ ৪৪০.০০ টাকা) মৃত্তিকা নমুনা পরীক্ষাপূর্বক সুষমমাত্রায় সার ব্যবহারের পরামর্শ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

কর্মসূচী → বিশ্লেষণযোগ্য উপাদানঃ পিএইচ, ইসি, নাইট্রোজেন, ফসফরাস, পটাশিয়াম, সালফার, জিংক ও বোরন।

| পরীক্ষার তারিখ | এমএসটিএল, উপজেলা ও জেলার নাম |
|---|---|
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'যমুনা'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | গাজীপুর সদর, গাজীপুর |
| ০৪-০৬ মে | মনোহরদী, নরসিংদী |
| ০৭-১০ মে | করিমগঞ্জ, কিশোরগঞ্জ |
| ১১-১৩ মে | আড়াই হাজার, নারায়ণগঞ্জ |
| ১৪-১৭ মে | সিরাজদিখান, মুন্সিগঞ্জ |
| ১৮-২০ মে | ধামরাই, ঢাকা |
| ২১-২৪ মে | মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'তিতাস'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | ফেনী সদর, ফেনী |
| ০৪-০৬ মে | সোনাইমুড়ি, নোয়াখালী |
| ০৭-১০ মে | লক্ষীপুর সদর, লক্ষীপুর |
| ১১-১৩ মে | শাহরাস্তি, চাঁদপুর |
| ১৪-১৭ মে | দেবিদ্বার, কুমিল্লা |
| ১৮-২০ মে | আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'রূপসা'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | কুমারখালী, কুষ্টিয়া |
| ০৪-০৬ মে | মুজিবনগর, মেহেরপুর |
| ০৭-১০ মে | দামোরহুদা, চুয়াডাঙ্গা |
| ১১-১৩ মে | মহেশপুর, ঝিনাইদহ |
| ১৪-১৭ মে | যশোর সদর, যশোর |
| ১৮-২০ মে | আশাশুনি, সাতক্ষীরা |
| ২১-২৪ মে | দাকোপ, খুলনা |
| ০২-০৪ জুন | কচুয়া, বাগেরহাট |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'তিস্তা'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | বাগমারা, রাজশাহী |
| ০৪-০৬ মে | ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ |
| ০৭-১০ মে | নিয়ামতপুর, নওগাঁ |
| ১১-১৩ মে | আক্কেলপুর, জয়পুরহাট |
| ১৪-১৭ মে | ধুনট, বগুড়া |
| ১৮-২০ মে | উল্লাপাড়া, সিরাজগঞ্জ |
| ২১-২৪ মে | চাটমোহর, পাবনা |
| ০২-০৪ জুন | লালপুর, নাটোর |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'মধুমতি'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | ফরিদপুর সদর, ফরিদপুর |
| ০৪-০৬ মে | পাংশা, রাজবাড়ী |
| ০৭-১০ মে | মাদারীপুর সদর, মাদারীপুর |
| ১১-১৩ মে | শরীয়তপুর সদর, শরীয়তপুর |
| ১৪-১৭ মে | টুংগিপাড়া, গোপালগঞ্জ |
| ১৮-২০ মে | নড়াইল সদর, নড়াইল |
| ২১-২৪ মে | মহম্মদপুর, মাগুরা |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'কর্ণফুলী'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ০৪-০৬ মে | মাটিরাঙ্গা, খাগড়াছড়ি |
| ০৭-১০ মে | কাউখালি, রাঙ্গামাটি |
| ১১-১৩ মে | লামা, বান্দরবান |
| ১৪-১৭ মে | রামু, কক্সবাজার |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'ব্রহ্মপুত্র'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | ইসলামপুর, জামালপুর |
| ০৪-০৬ মে | ঝিনাইগাতি, শেরপুর |
| ০৭-১০ মে | পূর্বধলা, নেত্রকোনা |
| ১১-১৩ মে | গফরগাঁও, ময়মনসিংহ |
| ১৪-১৭ মে | ধনবাড়ী, টাঙ্গাইল |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'কীর্তণখোলা'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | পটুয়াখালী সদর, পটুয়াখালী |
| ০৪-০৬ মে | আমতলী, বরগুনা |
| ০৭-১০ মে | মঠবাড়িয়া, পিরোজপুর |
| ১১-১৩ মে | রাজাপুর, ঝালকাঠি |
| ১৪-১৭ মে | ভোলা সদর, ভোলা |
| ১৮-২০ মে | মুলাদি, বরিশাল |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'সুরমা'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | ছাতক, সুনামগঞ্জ |
| ০৪-০৬ মে | নবীগঞ্জ, হবিগঞ্জ |
| ০৭-১০ মে | জুড়ি, মৌলভীবাজার |
| ১১-১৩ মে | গোলাপগঞ্জ, সিলেট |
| **এপ্রিল-মে-জুন, ২০২৬** | **ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার 'করতোয়া'** |
| ৩০ এপ্রিল-০৩ মে | বোদা, পঞ্চগড় |
| ০৪-০৬ মে | রাণীশংকৈল, ঠাকুরগাঁও |
| ০৭-১০ মে | বিরল, দিনাজপুর |
| ১১-১৩ মে | জলঢাকা, নীলফামারী |
| ১৪-১৭ মে | পাটগ্রাম, লালমনিরহাট |
| ১৮-২০ মে | কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম |
| ২১-২৪ মে | পীরগাছা, রংপুর |

### স্থায়ী গবেষণাগারের সাথে যোগাযোগের ঠিকানা

**প্রধান কার্যালয় ঃ**
মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ঢাকা- ১২১৫।
ফোনঃ ০২/৪১০২৫০৪১

**গবেষণাগার সমূহের ঠিকানা ঃ**
১। কেন্দ্রীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫। ফোনঃ ০২/৪১০২৫০৫২
২। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, কৃষি খামার সড়ক, ঢাকা- ১২১৫। ফোনঃ ঃ ০২/৪১০২৫০৪৯
৩। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট শাসনগাছা, কুমিল্লা। ফোনঃ ঃ ০২/৩৩৪৪০২১৯৯
৪। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা। ফোনঃ ০৪১/৭৭৪৩০২
৫। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, শ্যামপুর, রাজশাহী। ফোনঃ ০২/৫৮৮৮৬৬৮৭৫
৬। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, মাসকান্দা, ময়মনসিংহ। ফোনঃ ০৯১/৫১৩০৮
৭। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, পূর্ব গঙ্গাবর্দী, যশোর রোড, ফরিদপুর। ফোনঃ ০২-৪৭৮৮৪৭৪৯০
৮। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, কাশিপুর, গনপাড়া, বরিশাল। ফোনঃ ০২/৪৭৮৮৩০৩৯৪
৯। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, ছিলিমপুর, বগুড়া। ফোনঃ ০৫১/৬৬৭৩৬
১০। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন পিরিজপুর, চন্ডিপুল সিলেট। ফোনঃ ০২/৯৯৬৬৩৩৩৬৫
১১। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, চন্দ্রা, জামালপুর। ফোনঃ ০২/৯৯৭৭৭২৩২৬
১২। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, গাবুয়া, নোয়াখালী। ফোনঃ ০৩২১/৬২৮৮৭
১৩। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, চট্টগ্রাম। ফোনঃ ০২/৩৩৪৪৬০৮১৯
১৪। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, ৩৩/১, কালিশংকরপুর, কুষ্টিয়া। ফোনঃ ০২/৪৭৭৭৮২৫১৩
১৫। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর। ফোনঃ ০৫৩১/৬৬৩১৬
১৬। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, মুরারিদহ, ঝিনাইদহ। ফোনঃ ০২/৪৭৭৭৪৬৬২৯
১৭। বিভাগীয় গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, লালপুর, রংপুর। ফোনঃ ০২/৫৮৯৯৬৭৩৪১
১৮। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা ভবন, রওশন আলী সড়ক, নতুন খয়েরতলা, যশোর। ফোনঃ ০১৯১১৪৬৭৩১২।
১৯। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বঙ্গবন্ধু কলেজ রোড, গোপালগঞ্জ। ফোন: ০২/৪৭৮৮২১৬৯২
২০। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মহেন্দ্রপুর, পাবনা। ফোন: ০১৭১২৫৭২৬১৩
২১। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, গাইটাল, কিশোরগঞ্জ। ফোন: ০১৭১২৯৭০৪৩৩
২২। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা বোর্ড, পটুয়াখালী। ফোন: ০২/৪৭৮৮৮৮০৪২১
২৩। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, দেওলা, টাংগাইল। ফোন: ০২/৯৯৭৭৫৩৩২৬
২৪। আঞ্চলিক গবেষণাগার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, রাঙ্গামাটি। ফোন: ০২/৩৩৩৩০৪৭২২

**অন্যান্য গবেষণা কেন্দ্রঃ**
১। মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা গবেষণা কেন্দ্র, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মেঘলা, বান্দরবান। ফোনঃ ০৪১/৬২৪৬৭
২। লবনাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বটিয়াঘাটা, খুলনা। ফোনঃ ০৩/৬১৬২৪১২

* কর্মসূচী মোতাবেক শেষ দিনে উপস্থিত কৃষকবৃন্দের মধ্যে সার সুপারিশ কার্ড বিতরণপূর্বক **ঐদিন অপরাহ্নেই এমএসটিএল পরবর্তী উপজেলায় পৌঁছাবে।**

**বিস্তারিত জানার জন্য মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট**
অথবা
সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।

BSultana
০৭/০৪/২০২৬
(ড. বেগম সামিয়া সুলতানা)
মহাপরিচালক
ফোন-০২-৪১০২৫০৪১